

প্রিয় পরিবারবর্গ,

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS)-এ, আমাদের শীর্ষ অগ্রাধিকারসমূহের একটি হলো এটা নিশ্চিত করা যেন প্রত্যেক শিক্ষার্থী শেখা অব্যাহত রাখতে পারে, এমনকি অপ্রত্যাশিত পরিস্থিতিসমূহের মধ্যেও, যেমন দুর্যোগপূর্ণ আবহাওয়া অথবা অন্যান্য জরুরি অবস্থা যা আমাদের স্কুলগুলোকে দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং)-এ স্থানান্তরিত করা আবশ্যিক করে। এমন একটি ঘটনার জন্য আমরা প্রস্তুত আছি তা নিশ্চিত করতে, আমরা নিশ্চিত করতে চাই যে আমাদের শিক্ষার্থী এবং কর্মীগণ সফল রিমোট লার্নিংয়ের জন্য ভালোভাবে-প্রস্তুত আছেন।

আমাদের অব্যাহত প্রচেষ্টাসমূহের অংশ হিসেবে, আমরা **বৃহস্পতিবার, 6 জুন, 2024** সকালে একটি কৃত্রিম জরুরি অবস্থা (সিমুলেশন) তৈরি করে প্রস্তুতির অনুশীলনী পরিচালনা করবো। যেহেতু 6 জুন শিক্ষার্থীদের জন্য একটি সময়সূচিকৃত উপস্থিত না-থাকার দিন, শিক্ষার্থীরা বাড়ি থেকে এই সিমুলেশন কর্মকাণ্ডে অংশগ্রহণ করবে। এটা শিক্ষার্থীদেরকে তাদের শিক্ষকদের সাথে ঠিক সেভাবে অনলাইনে সংশ্লিষ্ট হতে দেবে যেভাবে তারা একটি প্রকৃত রিমোট লার্নিং দিবসে করে থাকে।

এই সিমুলেশনের সময়, শিক্ষার্থী এবং শিক্ষকগণ একটি পূর্ব-সময়সূচিকৃত বরাদ্দকৃত সময়ে শিক্ষা-নির্দেশনামূলক নয় এমন কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে NYCPS সিস্টেমস্-এ লগ ইন করবেন যার মধ্যে আমাদের NYCPS অ্যাপ্লিকেশনসমূহে লগ ইন করা অন্তর্ভুক্ত।

অংশগ্রহণ কি আবশ্যিক?

এই কর্মকাণ্ডটি পুরোপুরি ঐচ্ছিক। তবে, যত বেশি শিক্ষার্থী অংশগ্রহণ করবে, আমাদের স্কুলগুলোকে দুর্যোগপূর্ণ আবহাওয়া অথবা অন্যান্য জরুরি অবস্থা যা আমাদের স্কুলগুলোকে দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং)-এ স্থানান্তরিত করা আবশ্যিক করে এমন অপ্রত্যাশিত পরিস্থিতিসমূহে দূর থেকে বা রিমোট শিক্ষা-নির্দেশনায় স্থানান্তরিত করার জন্য প্রস্তুত করতে আমাদের জরুরি অবস্থার প্রস্তুতির সিমুলেশন তত সঠিক এবং উপকারী হবে

এই কর্মকাণ্ডটি কতক্ষণ চলবে?

কর্মকাণ্ডটি 25 মিনিটের জন্য স্থায়ী হবে। আপনি যদি কর্মকাণ্ডটি চলার সময় অবস্থান করেন, আমরা কৃতজ্ঞ থাকবো

শিক্ষার্থীরা কী করবে?

- প্রতিটি স্কুল 6 জুনের সিমুলেশন অনুশীলনীর জন্য সুনির্দিষ্ট অনলাইন কর্মকাণ্ড নির্ধারণ করে।
- এটা একটি স্কুল-ব্যাপী মিটিং থেকে শুরু করে একটি ভিডিও দেখানো বা শিক্ষার্থীদের জন্য শিক্ষকের “উন্মুক্ত অফিস সময়” আয়োজন পর্যন্ত বিস্তৃত হতে পারে। শিক্ষকগণ আগে থেকে নির্দেশনা প্রদান করবেন।
- অনুশীলনী নির্বিশেষে, সকল শিক্ষার্থীকে NYCPS টিচহাব (TeachHub)-এ লগ ইন করতে বলা হবে।

অংশগ্রহণ করার জন্য শিক্ষার্থীদের কী কী প্রয়োজন হয়?

অংশগ্রহণ করার জন্য, শিক্ষার্থীদের প্রয়োজন হবে:

- একটি কার্যক্ষম, ইন্টারনেট-সংযুক্ত ডিভাইস,
- একটি ইন্টারনেট সংযোগ, এবং

3. তাদের স্টুডেন্ট (শিক্ষার্থীর) লগইন-এর তথ্য।

যদি আপনার সন্তানের একটি ডিভাইসে অভিগম্যতা না থাকে, তবে একটির জন্য অনুরোধ করতে 6 জুনের আগে আপনার সন্তানের শিক্ষকের সাথে যোগাযোগ করুন।

যদিও এই রিমোট সিমুলেশনে অংশগ্রহণ করা ঐচ্ছিক, আমরা আশা করি আমাদের স্কুলের জরুরি অবস্থার প্রস্তুতিতে সহায়তায় সাহায্য করার জন্য আপনি 6 জুন আমাদের সাথে যোগ দেবেন। আমাদের পরিবার, শিক্ষার্থী, এবং কর্মীদের জন্য আগামী জরুরি অবস্থার রিমোট লার্নিং দিনগুলো সফল হবে তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য আপনার সহায়তা অমূল্য।

যদি আপনার কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আমার সাথে যোগাযোগ করুন।

আমরা আপনাকে অগ্রীম ধন্যবাদ জানাচ্ছি আপনার অংশগ্রহণ এবং সহযোগিতার জন্য, যা আমাদের জরুরি পরিস্থিতি মোকাবেলার প্রস্তুতিতে খুবই সহায়ক হবে।

বিশ্বস্ততার সাথে,

প্রিন্সিপাল